-০৭-

ঢাকা ওয়াসা

বিষয়ঃ Supplying, fitting & fixing Mirror for the office of the Managing Director and ancillary maintenance works of common service division, Dhaka WASA.

১। আবেদনপত্র।

২। ২০২৪-২৫ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।

৩। প্রাক্কলন।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের রুমে এবং দুই জন স্টাফ অফিসার এর রুমে মিরর লাগানোর জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মৌখিকভাবে নির্দেশনা দিয়েছেন এবং কমন সার্ভিস বিভাগে গ্লাস দিয়ে একটি রুম তৈরি করার জন্য উপ-সচিব, কমন সার্ভিস একটি নথি প্রেরণ করেছেন। সেই প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের রুমে এবং দুই জন স্টাফ অফিসার এর রুমে কোন মিরর নেই। তাছাড়া কমন সার্ভিস বিভাগের অফিস সুপারিনটেনডেন্ট এর জন্য কোন রুম না থাকায় অফিশিয়াল কার্যক্রম করতে সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। উপর্যুক্ত কাজগুলো জরুরীভিত্তিতে করা প্রয়োজন।

২। উক্ত কাজটি সম্পন্ন করার জন্য PWD -২০২২ রেইট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। যাতে ব্যয় এসেছে ৳.৪৯,৯৪১/- (উনপঞ্চাশ হাজার নয়শত একচল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ-বৎসরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় "অফিস দালান রক্ষণাবেক্ষণ" খাতের আইটেম নং-৩৫ হতে নির্বাহ করা হবে। পি.পি.আর.-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় "মেসার্স মানুষী এন্টারপ্রাইজ" এর মাধ্যমে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, Supplying, fitting & fixing Mirror for the office of the Managing Director and ancillary maintenance works of common service division, Dhaka WASA. কাজটি পিপি আর ২০০৮ এর ৭৬(১) (ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় "মেসার্স মানুষী এন্টারপ্রাইজ" এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলিত সর্বমোট ৳.৪৯,৯৪১/- (উনপঞ্চাশ হাজার নয়শত একচল্লিশ) টাকা মাত্র সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

AE EE SE

০৮/০৫/২০২৫
মোহাম্মদ রিয়াজুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

Rahatun
08.05.25
রাহাত উন নবী
সহকারী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

08.05.25
মুক্তা সাহা
নির্বাহী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ ই[illegible] আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ. সি সার্কেল,
ঢাকা ওয়াসা।

অনুমোদিত

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা